

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জরুরি

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৩৮

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬

২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: আসন্ন অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৯-২০ সম্পূর্ণ তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিম্নবর্ণিত “ছকে” প্রয়োজনীয় সমন্বিত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। চাহিত শ্রেণীভিত্তিক সিদ্ধ ও আতপ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য প্রেরণের ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১২নং অনুচ্ছেদের 'ক', 'খ' ও 'গ' এ এ নিম্নবর্ণিতভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে।

“(ক) খাদ্য অধিদপ্তরের ০১-০১-২০০৩ তারিখের সপ/সংগ্রহ-বোরো-১/২০০২-২০০৩/০২(৫৭৫) নং পরিপত্র ও সংযুক্ত ফর্ম অনুযায়ী হাক্সিং মিলে সিদ্ধ চালের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা (সংযুক্ত: পরিশিষ্ট-গ) এবং খাদ্য মন্ত্রণালয়ের ৩০-১০-২০০৩ তারিখের খাম/(স-৭)/নিষ্পত্তি-৩/৯৪-৩৪৪ নং পরিপত্র ও সংযুক্ত ফর্ম অনুযায়ী আতপ মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা (সংযুক্ত পরিশিষ্ট-ঘ) নির্ণয় করতে হবে।

(খ) খাদ্য অধিদপ্তরের ২৬/১০/২০১০ তারিখের সপ/সংগ্রহ-৭/২০০৯/১৯৩৬(৬) নং স্মারকে গঠিত কমিটি অটোমেটিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা সংযুক্ত নির্দেশনা অনুযায়ী নির্ধারণ করবে (পরিশিষ্ট-ঙ)।

(গ) অটোমেটিক মিলের বেলায় দৈনিক ১৬ ঘণ্টার ছাঁটাই ক্ষমতা বিবেচনায় নিতে হবে; তবে কালার সর্টার মেশিন না থাকলে কোন মিল অটোমেটিক রাইস মিল হিসেবে বিবেচিত হবে না।”

উপরোক্ত নির্দেশনা মোতাবেক শ্রেণীভিত্তিক সিদ্ধ ও আতপ চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতার তথ্য খাদ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, শ্রেণীভিত্তিক চালকলের ছাঁটাই ক্ষমতা নির্ণয়কালে মিলের বাস্তব ছাঁটাই ক্ষমতার চেয়ে অনেক বেশী ছাঁটাই ক্ষমতা দেখানো হয় এবং অনেক সময় অচল/বন্ধ মিলকে সচল মিল হিসেবে দেখিয়ে ছাঁটাই ক্ষমতা নির্ণয় করে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয় মর্মেও অনুযোগ পাওয়া যায় যা কোন মতেই কাঙ্ক্ষিত নয়। এক্ষণে খাদ্য অধিদপ্তরের ২১/০৮/২০১৯ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২নং স্মারক অনুসরণযোগ্য। আগামী ১৭-১০-২০১৯ খ্রি: তারিখের মধ্যে চাহিত তথ্য (হার্ডকপি ও সফট কপি) সংগ্রহ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। আলোচ্য তথ্যাদি ফ্যাক্স/বাহক/জিইপি মারফত প্রেরণের পাশাপাশি অবশ্যই dproc@dgfood.gov.bd নং ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য ২০১৯-২০ আমন মৌসুমে ধানের সম্ভাব্য উৎপাদন, সিদ্ধ ও আতপ চালের মিলিং ক্ষমতা চালের আকারে উল্লেখ করতে হবে।

আমন উৎপাদনের তথ্যঃ (ছক -১)


| জেলার নাম | উপজেলার নাম | ২০১৯-২০ সনের আবাদকৃত জমির পরিমাণ (হেক্টরে) | ২০১৯-২০ মৌসুমে আমন ধানের সম্ভাব্য উৎপাদন(চাঃ আঃ) (মেঃ টনে) | মন্তব্য |
|-----------|-------------|--------------------------------------------|------------------------------------------------------------|---------|
| | | | | |
| মোট | | | | |

জেলা ও উপজেলাভিত্তিক মোট চাল কল সংখ্যা ও সিদ্ধ চাল মিলিং ক্ষমতাঃ (ছক -২)

| জেলার নাম | উপ- জেলার নাম | রাবার শেলার ও পলিশারবিহীন হাক্সিং মিল | | রাবার শেলার ও পলিশারযুক্ত হাক্সিং মিল | | অটোমেটিক মিল | | রাবার শেলার ও পলিশারবিহীন এবং রাবার শেলার ও পলিশারযুক্ত হাক্সিং মিল সংখ্যা | মোট হাঁটাইক্ষমতা (চালের আকারে) | |
|-----------|---------------------|------------------------------------------|-------------------------|---------------------------------------------|-------------------------|--------------|-------------------------|-------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------|------------------------------------|
| | | সংখ্যা | পাক্ষিক হাঁটাইক্ষমতা | সংখ্যা | পাক্ষিক হাঁটাইক্ষমতা | সংখ্যা | পাক্ষিক হাঁটাইক্ষমতা | | রাবার শেলার ও পলিশারবিহীন এবং রাবার শেলার ও পলিশারযুক্ত হাক্সিং মিলের হাঁটাইক্ষমতা | সর্বমোট পাক্ষিক হাঁটাইক্ষমতা |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮(২+৪) | ৯(৩+৫) | ১০(৭+৯) |
| | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | |

জেলা ও উপজেলাভিত্তিক মোট আতপ চালকল সংখ্যা ও আতপ চাল মিলিং ক্ষমতাঃ (ছক -৩)

| জেলার নাম | উপজেলার নাম | আতপ চালকলের ধরণ ও সংখ্যা | | | আতপ চালকলের ধরণ অনুযায়ী পাক্ষিক মিলিং ক্ষমতা (চালের আকারে) (মেঃ টনে)। | | |
|-----------|----------------|--------------------------|-----------------------|-----|---------------------------------------------------------------------------|--------------------|--------------------------|
| | | স্বয়ংক্রিয় | আংশিক স্বয়ংক্রিয় | মোট | স্বয়ংক্রিয় | আংশিক স্বয়ংক্রিয় | মোট মিলিং ক্ষমতা(মেঃটনে) |
| | | | | | | | |
| | | | | | | | |
| | মোট | | | | | | |



২৪-৯-২০১৯

জুলফিকার রহমান
পরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৩৮/১(৪)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬
২২ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর,। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



২৪-৯-২০১৯

জুলফিকার রহমান
পরিচালক